



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ঢাকা ও সিলেট বিভাগের জন্য)

প্রকাশের তারিখ: ১৫/১২/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) এর তথ্য অনুসারে, আগামী ২০-২২ ডিসেম্বর ২০২৪ তারিখে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের দক্ষিণাংশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বৃষ্টিসহ অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি এবং সিলেট বিভাগের কিছু কিছু স্থানে হালকা বৃষ্টি হতে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- বৃষ্টিপাতের সময় আমন ধান সংগ্রহ বন্ধ রাখুন। বৃষ্টিপাতের আগে বা পরে ফসল সংগ্রহ করতে হবে।
- বোরো ধানের বীজতলাসহ অন্যান্য ফসলের জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- আলুর জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন। নাবী ধ্বংস রোগ থেকে রক্ষার জন্য মাঠ পর্যবেক্ষণ করুন। কুয়াশাময় আবহাওয়া দীর্ঘায়িত হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বর্তমান আবহাওয়ায় সরিষায় অলটারনারিয়া ব্লাইট রোগ হতে পারে। আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- মসুরের জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। ছত্রাকজনিত রোগের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- পরিপক্ক সবজি দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুগ্ধবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে জড়িয়ে দিন।

(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com